গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ রাবার বোর্ড
প্রশাসন শাখা
প্রধান কার্যালয় ই ১০-১৩, এম এ কে খলিল সড়ক,
পশ্চিম পাহাড় বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট
ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম
www.rubberboard.gov.bd

**অংশীজনের সমন্বয়ে "রাবার চাষ ও শিল্পের উন্নয়ন শীর্ষক" মতবিনিময় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল হাসান<br>চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৬ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, বাংলাদেশ রাবার বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ খায়রুল হাসান (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ রাবার বোর্ড বিভিন্ন জেলা থেকে আগত রাবার বাগান মালিক ও রাবার শিল্প সমিতির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানান। সভাপতির সম্মতিক্রমে জনাব আবু শাহেদ চৌধুরী, পরিচালক (অর্থ ও বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড সভার সঞ্চালনা শুরু করেন। অতঃপর সভায় বাংলাদেশ রাবার বোর্ড এবং অংশীজনের সমন্বয়ে রাবার চাষ ও শিল্পের উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমসমূহের তথ্য উপস্থাপন করা হয়। পরবর্তীতে সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে তাদের বক্তব্য প্রদান করার জন্য আহবান জানানো হয়।

**জনাব মোঃ সুজায়েল আলী, রাবার বাগান মালিক বলেন,** সরকারিভাবে রাবার ল্যাটেক্সের নির্ধারিত মূল্য নেই। প্রান্তিক রাবার চাষীরা বিভিন্ন দরে স্থানীয় বাজারে ল্যাটেক্স বিক্রি করছেন। অনেক সময় স্থানীয় বাজারে ল্যাটেক্সের মূল্য ৮০/- টাকা পর্যন্ত নেমে যায়। যার ফলে প্রান্তিক পর্যায়ের রাবার চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছেন। প্রান্তিক রাবার চাষীদের ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য ল্যাটেক্সের নির্দিষ্ট দর নির্ধারণ করে দেওয়ার বিষয়ে চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ডকে সবিনয়ে অনুরোধ করেন।

**জনাব আবুল মনসুর আহমেদ (বিএফআইডিসি), চট্টগ্রাম** বলেন, বর্তমানে **বিএফআইডিসি** এর মালিকানাধীন বাগানে প্রায় ১০ লক্ষ জীবনচক্র হারানো রাবার গাছ রয়েছে। উক্ত গাছ গুলো কর্তনপূর্বক নতুন গাছ রোপন ও নার্সারী সৃজনের জন্য **বিএফআইডিসি** প্রকল্প গ্রহণ করেছে। জীবনচক্র হারানা রাবার গাছ কর্তনপূর্বক প্রসেসিং করে আসবাবপত্র তৈরি করা যায়। এছাড়া বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন **(বিএফআইডিসি)** কর্তৃক উৎপাদিত রাবার নিজস্ব প্রক্রিয়ায় নিলামের মাধ্যমে বিক্রি করা হয়। বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক বিপণন ব্যবস্থার নীতিমালা প্রণয়নে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সর্বাত্নক সহযোগিতা করবে।

**জনাব মোঃ কামাল উদ্দিন, সভাপতি, রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন** বলেন, রাবার বাগান মালিকরা এখনো পুরানো জাতের রাবার ক্লোন দিয়ে রাবার চাষ করে যাচ্ছেন। ভারত, শ্রীলঙ্কা, মালয়েশিয়া, থাইল্যান্ড ও ইন্দোনেশিয়ায় উচ্চফলনশীল ক্লোন দিয়ে রাবার চাষ করে অধিক পরিমাণে কষ উৎপাদন করে দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানি করছে। তার তুলনায় আমাদের উৎপাদন কম হওয়ায় দেশের চাহিদা সম্পূর্ণরূপে মেটানো সম্ভব হচ্ছে না। এছাড়া, বাংলাদেশ রাবার কষ/শীট ক্রয় ও বিক্রির জন্য নির্ধারিত কোন প্লাটফর্ম নেই যার ফলে রাবার চাষীরা বিক্ষিপ্তভাবে খোলা বাজারে রাবার বিক্রি করছে। যার ফলে রাবার চাষীরা নির্ধারিত মূল্য পাচ্ছে না। এতে করে লোকসানের সম্মুখীন হচ্ছে। বাংলাদেশ রাবার বোর্ড যদি রাবার বিপণনের সঠিক কোন পদ্ধতি করে গ্রহণ করে তাহলে রাবার চাষীরাও উপকৃত হবে।

**জনাব এয়াকুব আলী, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটচ, চট্টগ্রাম** বলেন, বাংলাদেশে রাবার সেক্টরকে দ্রুত বর্ধনশীল করার জন্য আধুনিক প্রযুক্তির ব্যবহার, উচ্চ ফলনশীল ক্লোন আনায়ন, গবেষণা ও উন্নয়নের নিমিত্ত রাবার বোর্ডের নিজস্ব বিপণন নীতিমালা থাকা দরকার। যাতে করে রাবার চাষীরা লাভবান হয়।

**সচিব, বাংলাদেশ রাবার বোর্ড** বলেন, বাগান মালিকরা আয়কর হিসাবে রাবারের উৎপাদন ও বিক্রয় তথ্য প্রদান করছে না। ফলে ব্যাংক ঋণ দিতে অনাগ্রহ পোষণ করে থাকে। সঠিক সময়ে ট্যাক্স প্রদান, স্বচ্ছভাবে ল্যাটেক্স উৎপাদন ও বিক্রয় তথ্য বাংলাদেশ রাবার বোর্ডকে দাখিল করার করার জন্য একটি অ্যাপস তৈরি করা গেলে তৃণমূল পর্যায়ের রাবার চাষীরা বাগানের প্রয়োজনীয় তথ্য ও একক প্রতি উৎপাদন দাখিল করতে পারবেন। এতে করে রাবার চাষীদের সময় ও অর্থের সাশ্রয় হবে এবং কার্যালয়ের সাথে যোগাযোগ পদ্ধতি আরো সহজ হবে।

**পরিচালক (অর্থ ও বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড** বলেন, রাবার চাষকে আরো উৎপাদন ও বিপণনমূখী করার জন্য রাবার বিপণন নীতিমালা, ২০২৫ ও রাবার গবেষণা নীতিমালা, ২০২৪ এর খসড়া চূড়ান্তকরণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও রাবার বাগানের নবায়ন সংক্রান্ত জঠিলতা নিরসনসহ রাবার গবেষণাগার স্থাপনের লক্ষ্যে নিজস্ব ভূমি অর্জনের জন্য ভূমি মন্ত্রণালয় এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ বিষয়ে দ্রুত সমাধান পাওয়া

যাবে বলে তিনি আশাবাদ ব্যাক্ত করেন।

**পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন, গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রাবার বোর্ড** বলেন, রাবার চাষ ও শিল্পের বিকাশে বিজ্ঞানভিত্তিক ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদন আরো বহগুণে বৃদ্ধি করা সম্ভব। রাবার চাষকে আরো আধুনিকায়ন করার জন্য বাংলাদেশ রাবার বোর্ড নিরলস কাজ করে যাচ্ছে। টেপার সংকট নিরসনের জন্য বিএফআইডিসি এর ট্রেনিং সেন্টার ও রাবার বোর্ডের নিজস্ব উদ্যোগে নিয়মিত বাগান মালিক, ম্যানেজার ও টেপারদের প্রশিক্ষণ প্রদান করে যাচ্ছে।

**চেয়্যাম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন**, বর্তমানে বাংলাদেশের প্রেক্ষাপটে রাবার চাষ অপার সম্ভাবনাময় শিল্প হওয়ায় এ দেশের রাবার চাষীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়সমূহের বিভিন্ন সমস্যা সমাধানে বাংলাদেশ রাবার বোর্ড অত্যন্ত আন্তরিকতার সাথে চেষ্টা করে যাচ্ছে। বাংলাদেশে রাবার লেটেক্সের মূল্য নির্ধারিত না থাকায় রাবার চাষীদের ক্ষতির দিক বিবেচনায় ল্যাটেক্স মূল্য নির্ধারণ করার জন্য কমিটি গঠন করা হবে। রাবার চাষ সম্প্রসারণ ও রাবার শিল্পের বিকাশে বাংলাদেশ রাবার বোর্ড, রাবার বাগান মালিক সমিতি, রাবার চাষী, রাবার শিল্প সমিতি এবং অংশীজনদের দৃঢ়প্রতিজ্ঞ ও ক্রমবর্ধমান অগ্রগতির সাথে যুক্ত থাকতে হবে।


**<u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>**

১। ল্যাটেক্সের মূল্য নির্ধারণের কৌশল নির্ধারন সংক্রান্ত নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়ঃ
- ক) পরিচালক (অর্থ ও বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড- আহবায়ক
- খ) বিএফআইডিসি কর্তৃক মনোনিত প্রতিনিধি- সদস্য
- গ) বিএফআরআই কর্তৃক মনোনিত প্রতিনিধি- সদস্য
- ঘ) রাবার বাগান মালিক কর্তৃক মনোনিত প্রতিনিধি-সদস্য
- ঙ) রাবার শিল্পসমিতি কর্তৃক মনোনিত প্রতিনিধি-সদস্য
- চ) সচিব, বাংলাদেশ রাবার বোর্ড- সদস্য
- ছ) উপপরিচালক (বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড -সদস্য সচিব

**<u>কমিটির কার্যপরিধি:</u>** উক্ত কমিটি আগামী ০৩ (তিন) মাসের মধ্যে ল্যাটেক্সের মূল্য নির্ধারণ সংক্রান্ত কৌশল নির্ধারনের সুপারিশ/প্রতিবেদন দাখিল করবে।

২। প্লট সংক্রান্ত জটিলতাসহ যেকোন সমস্যা/সুপারিশ/মতামত রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন লিখিতভাবে বাংলাদেশ রাবার বোর্ড কে অবহিত করবে।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




২৮-০৯-২০২৫
মোঃ খায়রুল হাসান
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২২.০৭.০০০০.০০০.০০৫.০৬.০১৬৪.২৩.১৯২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক,যুগ্মসচিব, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন, গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রাবার বোর্ড।
২। পরিচালক,যুগ্মসচিব, পরিচালক (অর্থ ও বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড।
৩। উপপরিচালক (সকল), বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।।
৪। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।।
৫। সহকারী পরিচালক (এমআইএস/আইটি), এমআইএস/আইটি শাখা, বাংলাদেশ রাবার বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সভাপতি, রাবার গার্ডেন ওনার্স এ্যাসোসিয়েশন, চট্টগ্রাম। ।



২৮-০৯-২০২৫
বিদর্শী সম্বোধি চাকমা
সচিব